# REGIONAL NEWS UNIT
# ALL INDIA RADIO, AGARTALA
## Date: 03-05-2025
## Time: 07:55-08:05 PM Hrs
## BENGALI EVENING BULLETIN

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থাকে আরও উন্নত করার লক্ষ্যে পঞ্চায়েতের জনপ্রতিনিধি সহ কর্মচারিদের দক্ষতা বৃদ্ধির উদ্যোগ নেওয়া হয়েছে।**

**(২) আগামীকাল নিট ইউ.জি. পরীক্ষা অনুষ্ঠিত হবে ।**

**(৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন মধ্যস্থতা, ন্যায়বিচার প্রদানের একটি অপরিহার্য অংশ ।**

**(৪) তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেছেন যে ভারত মিডিয়া এবং বিনোদন ক্ষেত্রে বিশ্বব্যাপী নেতৃত্ব দিতে পারে ।**

**(৫) রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৫ ক্রিকেটে সদর-এ দল চ্যাম্পিয়ন হয়েছে ।**

****************************************

**National Panchayet Day-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থাকে আরও উন্নত করার লক্ষ্যে পঞ্চায়েতের জনপ্রতিনিধি সহ কর্মচারিদের দক্ষতা বৃদ্ধির উদ্যোগ নেওয়া হয়েছে। আজ অরুন্ধুতিনগরের স্টেট পঞ্চায়েত রির্সোস সেন্টারের গ্রাম স্বরাজ ভবনে পঞ্চায়েতীরাজ দিবস উদযাপন উপলক্ষ্যে আয়োজিত রাজ্যভিত্তিক অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বাস্তবসম্মত এবং বৈজ্ঞানিক উপায়ে পরিকল্পনা গ্রহণ এবং স্থায়ী সম্পদ তৈরির মাধ্যমে পঞ্চায়েতকে সাজিয়ে তোলার জন্য মুখ্যমন্ত্রী জনপ্রতিনিধি সংশ্লিষ্ট সবাইকে গুরুত্বপূর্ণ ভূমিকা নেওয়ার আহ্বান জানান।

এরজন্য সুনির্দিষ্ট রোডম্যাপ তৈরি এবং সমন্বয় বজায় রেখে কাজ করার উপর তিনি গুরুত্ব আরোপ করেন।

অনুষ্ঠানে ইন্ডিয়ান ইন্সটিটিউট অফ ম্যানেজমেন্ট, শিলং-এর সঙ্গে পঞ্চায়েত দপ্তরের প্রশিক্ষণ বিষয়ক একটি মউ স্বাক্ষরিত হয়।

#######Byte-CM########

অনুষ্ঠানে বিভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য কাজের স্বীকৃতিতে পুরষ্কার দেওয়া হয়। রাজ্যস্তরে উৎকৃষ্ট কাজের জন্য সেরা ৩টি ব্লকের মধ্যে রাজনগর প্রথম স্থান, হেজামারা দ্বিতীয় এবং অমরপুর ব্লক তৃতীয় স্থান পেয়েছে। পাশাপাশি সেরা ৩টি পঞ্চায়েতের মধ্যে হেজামারা ব্লকের পূর্ব তমাকারি ভিলেজ কমিটি প্রথম, পদ্মবিল ব্লকের মারে হাদুক ভিলেজ কমিটি দ্বিতীয় এবং অমরপুর ব্লকের পশ্চিম ডালাক গ্রাম পঞ্চায়েত তৃতীয় পুরস্কার পেয়েছে।

*****************************

**NEET :**

আগামীকাল নিট ইউ.জি. পরীক্ষা অনুষ্ঠিত হবে। এবছর রাজ্যে নিট ইউ.জি পরিক্ষার্থীর সংখ্যা ৪ হাজার ৮৯২ জন। রাজ্যে মোট ১১টি পরীক্ষাকেন্দ্রে পরীক্ষা গ্রহণ করা হবে। এরমধ্যে ১০টি পশ্চিম ত্রিপুরা জেলায় এবং ১টি পরীক্ষা কেন্দ্র রয়েছে ধলাই জেলায়। পশ্চিম ত্রিপুরা জেলায় নিট ইউ.জি. পরীক্ষা কেন্দ্রগুলি হল মহারাজা বীরবিক্রম কলেজ, বীরবিক্রম মেমোরিয়াল কলেজ, বাণীবিদ্যাপীঠ গার্লস এইচ.এস. স্কুল, কেন্দ্রীয় বিদ্যালয়-কুঞ্জবন, ইনস্টিটিউট অব অ্যাডভান্সড স্টাডিজ ইন এডুকেশন, কেন্দ্রীয় বিদ্যালয়-ও.এন.জি.সি, হিন্দি হায়ার সেকেন্ডারি স্কুল, শিশু বিহার হায়ার সেকেন্ডারি স্কুল। ধলাই জেলার একমাত্র পরীক্ষা কেন্দ্রটি হচ্ছে কমলপুর সরকারি ইংরেজি মাধ্যম দ্বাদশ শ্রেণি বিদ্যালয়। পরীক্ষা শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য আরক্ষা দপ্তরের পক্ষ থেকে পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

***************************

**Tourism Minister :**

পরিবহণ মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন, পরিবহণ দপ্তরের মাধ্যমে বর্তমানে সারা রাজ্যে ১৫০ কোটি টাকার বিভিন্ন প্রকল্প বাস্তবায়ণের কাজ চলছে। এই প্রকল্পগুলি বাস্তবায়ণের কাজ গুণগতমান বজায় রেখে ও যথাসময়ে শেষ করতে তিনি সংশ্লিষ্ট আধিকারিক ও নির্মান সংস্থাগুলিকে নির্দেশ দিয়েছেন। আজ আগরতলায় সরকারী অতিথিশালায় এক পর্যালোচনা বৈঠকে তিনি এই নির্দেশ দেন।

****************************

**Job Fair :**

যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিংকু রায় কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে আজ চাকুরি মেলার উদ্বোধন করেন। এ উপলক্ষ্যে দক্ষতা উন্নয়ন দপ্তর আয়োজিত অনুষ্ঠানে শ্রী রায় বলেন, যুবক-যুবতীদের শিক্ষাগ্রহণের পাশাপাশি নিজেদের দক্ষতার ও বিকাশ ঘটাতে হবে। মেলায় ছয়টি নিয়োগকারী সংস্থা অংশ নিয়েছে। খোলা হয়েছে তেরোটি স্টল। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, দক্ষতা উন্নয়ন দপ্তরের অতিরিক্ত অধিকর্তা সুভাষ চন্দ্র দাস, কৈলাশহরের মহকুমা শাসক প্রদীপ সরকার প্রমুখ।

***************************

**TBSE :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত মাধ্যমিক, উচ্চতর মাধ্যমিক ও মাদ্রাসা পরীক্ষার মার্কশিট এবং শংসাপত্র আগামী ৫ই মে থেকে দেওয়া হবে। পর্ষদের সচিব ডঃ দুলাল দে আজ জানিয়েছেন, বিদ্যালয়ের প্রধান শিক্ষক বা তাঁর অনুমোদিত প্রতিনিধি মার্কশিট ও শংসাপত্র সংগ্রহ করতে পারবেন। তিনি আরও জানান, ২০২৫ সালের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার উত্তরপত্র রিভিউর জন্য আবেদনপত্র www.tbse.tripura.gov.in ওয়েবসাইটে পাওয়া যাবে। ছাত্রছাত্রীরা আগামী ৮ই মে পর্যন্ত রিভিউর জন্য আবেদন করতে পারবে। বিদ্যালয়গুলি রিভিউর আবেদনগুলি আগামী ১৪ই মের মধ্যে মধ্যশিক্ষা পর্ষদ অফিসে জমা দেবে।

****************************

**DM West :**

পশ্চিম জেলার জেলা শাসক ডাঃ বিশাল কুমার আজ এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, এখন থেকে মহকুমা শাসকের অনুমতি ছাড়া ইটভাটার জন্য জমি খনন করা যাবে না। এই নির্দেশ অমান্য করলে অভিযুক্তর বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। জেলা শাসক আরও জানান, কর্তৃপক্ষের অনুমতি ছাড়া ব্যাপকভাবে মাটি উত্তোলনের ফলে বিপুল পরিমানে কৃষিজমি নস্ট হচ্ছে। জেলা শাসক জানান, মাটি খননের ফলে মান্দাই ব্লকে কৃষি জমির বেশি ক্ষতি হয়েছে। এখন থেকে কর্তৃপক্ষের অনুমতি ছাড়া মাটি খনন করলে দুর্যোগ ব্যবস্থাপনা আইন ২০০৫ এর ৩০ ধারা অনুসারে ব্যবস্থা নেওয়া হবে।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ বলেছেন যে মধ্যস্থতা, ন্যায়বিচার প্রদানের একটি অপরিহার্য অংশ। তিনি আরও বলেন যে মধ্যস্থতা কেবল বিবেচনাধীন নির্দিষ্ট মামলাতেই নয়, অন্যান্য ক্ষেত্রেও বিপুল সংখ্যক মামলার বোঝা কমিয়ে ন্যায়বিচার প্রদানকে ত্বরান্বিত করতে পারে। তিনি বলেন যে ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের দৃষ্টিভঙ্গি বাস্তবায়নের জন্য মধ্যস্থতা একটি মূল হাতিয়ার। ভারতের মধ্যস্থতা সমিতির উদ্বোধন এবং ২০২৫ সালের প্রথম জাতীয় মধ্যস্থতা সম্মেলনের উদ্বোধন উপলক্ষে নতুনদিল্লির ভারত মণ্ডপমে আয়োজিত এক অনুষ্ঠানে ভাষণ দেওয়ার সময় রাষ্ট্রপতি এই মন্তব্য করেন।

#######Byte-President######

অনুষ্ঠানে প্রধান বিচারপতি সঞ্জীব খান্না বলেন, গত দুই দশক ধরে বিরোধ নিষ্পত্তিতে মধ্যস্থতা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। তিনি জানান যে ২০১৬ থেকে ২০২৫ সালের প্রথম দিকে, মধ্যস্থতার মাধ্যমে সাত লক্ষ ৫৭ হাজারেরও বেশি মামলা নিষ্পত্তি করা হয়েছে।

**************************

**Ashwini Vaishnaw :**

এবারে WAVES 2025-এর খবর।

#######Sound Byte#######

তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেছেন যে ভারত মিডিয়া এবং বিনোদন ক্ষেত্রে বিশ্বব্যাপী নেতৃত্ব দিতে পারে। তিনি বলেছেন, সারা বিশ্বের বেশ কয়েকটি সংস্থা এই বিষয়ে ভারতের সঙ্গে কাজ করার আগ্রহ দেখিয়েছে।

আজ মুম্বাইয়ে WAVES শীর্ষ সম্মেলনে গুগল, মেটা এবং মাইক্রোসফ্ট সহ সাতটি বিশ্বব্যাপী সংস্থা ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ক্রিয়েটিভ টেকনোলজির সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে। এর আওতায় ৪০০ কোটি টাকা ব্যয়ে মুম্বাইতে IICT স্থাপন করা হবে। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে

বৈষ্ণব বলেন, আগামী দিনে IICT, IIT এবং IIM-এর মতো একই উদাহরণ স্থাপন করবে।

######Byte-Ashwini Vaishnaw#####

***************************

**WAVES, S.Jaju :**

তথ্য ও সম্প্রচার সচিব সঞ্জয় জাজু আজ বলেছেন যে WAVES Bazaar 2025 এক হাজার কোটি টাকারও বেশি ব্যবসা করেছে। মুম্বাইয়ে WAVES সামিটের প্রধান বৈশ্বিক বাজার উদ্যোগ, WAVES Bazaar, মিডিয়া এবং বিনোদন শিল্পে আন্তর্জাতিক সহযোগিতার জন্য একটি শক্তিশালী অনুঘটক হিসেবে আবির্ভূত হয়েছে। এই প্ল্যাটফর্মে শিল্প পেশাদাররা সংযোগ স্থাপন, সহযোগিতা এবং নতুন ব্যবসায়িক সুযোগ আবিষ্কারের জন্য একত্রিত হন। মুম্বাইয়ে সাংবাদিকদের সাথে আলাপকালে, শ্রী জাজু বলেন, শীর্ষস্থানীয় কোম্পানিগুলি WAVE Bazar-এ অংশগ্রহণ করছে।।

#######Sound Byte#######

******************************

**Fire incident :**

আগরতলার হাঁপানিয়া বাজারে আজ সকালে এক অগ্নিকাণ্ডে পাঁচটি দোকান ভস্মিভূত হয়। শর্ট সার্কিট থেকে আগুন লেগেছে বলে পুলিশের প্রাথমিক ধারণা। আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার আজ সকালে ঘটনাস্থলে যান। তিনি ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের সঙ্গে কথা বলেন এবং আর্থিক সহায়তার আশ্বাস দেন।

****************************

**Under-15 Cricket :**

রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৫ ক্রিকেটে সদর-এ দল চ্যাম্পিয়ন হয়েছে। আজ উদয়পুরের মাঠে আসরের ফাইনালে সদর-এ ৩১ রানে খোয়াইকে পরাজিত

করে। বৃষ্টি বিঘ্নিত ম্যাচে সদর–এ ব্যাট করতে নেমে নির্দ্ধারিত ওভারে ৮ উইকেটে ২০৬ রান করে। জবাবে খোয়াই ২৪ ওভারে ৪ উইকেটে ৬৯ রান করার পর বৃষ্টিতে খেলা বন্ধ হয়ে যায়। পরে রানের হিসেবে সদর–এ দল খেতাব নিশ্চিত করে।

**************************

**Super Four Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেটের সুপার ফোরে কসমোপলিটান ক্লাব ও পোলস্টার ক্লাবের মধ্যে দুদিনের খেলাটি আজ ড্র হয়েছে। নরসিংগড়ের পিটিএ মাঠে পোলস্টার ক্লাবের প্রথম ইনিংসের ১২৬ রানের জবাবে কসমোপলিটান ক্লাব প্রথম ইনিংসে লিড নিয়ে ২১১ রান করেছিল। পিছিয়ে থেকে পোলস্টার ক্লাব দ্বিতীয় ইনিংসে দিনের শেষে আজ ৮ উইকেটে ২৮৮ রান করলে ম্যাচ ড্র হয়।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের ধলাই, সিপাহীজলা, গোমতী এবং দক্ষিণ জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়া সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২২ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস।

***************************